তালিবানের চিন্তাধারার মৌলিক ভিত্তি

শাইখ আব্দুল ওয়াহহাব কাবুলি হাফিজাহুল্লাহ
[তালিবানদের একজন দায়িত্বশীল আলিম]

মুহাম্মাদ আব্দুল্লাহ অনুদিত

তালিবানের চিন্তাধারার মৌলিক ভিত্তি

লেখকঃ শাইখ আব্দুল ওয়াহহাব কাবুলি হাফিজাহুল্লাহ

[তালিবানদের একজন দায়িত্বশীল আলিম]

অনুবাদঃ মুহাম্মাদ আব্দুল্লাহ

আল-ফিরদাউস অনুবাদ
Al-Firdaus Translate

সম্পাদকের কথা.....

উসমানি খিলাফতের পতনের পর মুসলিম উম্মাহ কেন্দ্রীয় নেতৃত্ববিহীন ও অভিভাবকশুন্য হয়ে পড়ে। খিলাফতের অনুপস্থিতিতে আল্লাহর শরিয়ত পরিপূর্ণভাবে বাস্তবায়ন অসম্ভব হয়ে পড়ে। ফলে রাষ্ট্রের সাথে যুক্ত ইসলামের গুরুত্বপূর্ণ আহকামসমূহ অকার্যকর ও কিতাবনির্ভর হয়ে পড়ে। ইসলাম ও মুসলিমগণ বিজয়ীর আসন থেকে পরাজিতের আসনে স্থান নেয়। যে ইসলাম এসেছে মানবতাকে সকল ভ্রান্তির বেড়াজাল ছিন্ন করে তাওহিদের আলোয় আলোকিত করে জান্নাতের রাজপথ দেখাতে, সেই ইসলাম তার প্রভাব হারিয়ে মানুষের ব্যক্তিগত জীবনে সীমাবদ্ধ হয়ে যায়। আল্লাহর যমিনে আল্লাহর শরিয়তের পরিবর্তে জায়গা করে নেয় মানবরচিত কুফুরি বিধান। মুসলিমদের ভূমিতে ইসলামের শত্রুরা তাদের এজেন্ডা বাস্তবায়ন করার জন্য এমন একদল লোককে ক্ষমতায় বসিয়েছে, যারা নাম-পদবীতে মুসলিম হলেও চিন্তা-চেতনায় কাফিরদের অনুসারী।

মুসলিম উম্মাহর প্রায় সকল ভূমি যখন ক্রুসেডার কাফিরদের দখলে, যখন আমাদের প্রথম কিবলা অভিশপ্ত ইয়াহুদিদের দখলে, যখন দুনিয়ার কোথাও আল্লাহর শরিয়তের পরিপূর্ণ বাস্তবায়ন নেই এহেন নাজুক পরিস্থিতিতে শুরু হয় বরকতময় আফগান জিহাদ। কমিউনিস্ট রাশিয়ার বিরুদ্ধে আফগান জিহাদের ফসল যখন ইসলামের পক্ষে না এসে ইসলামের শত্রুদের ঘরে উঠতে যাচ্ছিল, তখন মুসলিম উম্মাহর ভাগ্যাকাশে অমানিশার আঁধার যেনো আরো প্রগাঢ় হচ্ছিল। ঠিক এমনই এক মুহূর্তে জিহাদের ভূমি আফগানে উদয় হয় 'তালিবান' নামক এক নতুন সূর্যের, যে সূর্য কুফরের অমানিশার ঘোর আঁধার ছিন্ন করে আল্লাহর শরিয়ত দ্বারা শাসনের মাধ্যমে পুরো দুনিয়াকে নতুনভাবে আলোকিত করে।

মুসলিমরা যখন আল্লাহর শরিয়ত দ্বারা শাসন অনেকটা ভুলেই গিয়েছিল ঠিক এমনই মুহূর্তে হিন্দুকুশের পর্বতমালা থেকে উদয় হওয়া 'তালিবান' নামক সেই আন্দোলন তাওহিদ, জিহাদ, আল্লাহর শরিয়ত কায়েম ও আল-ওয়ালা ওয়ালা-বারার আলো সারা দুনিয়ায় ছড়িয়ে দিয়েছিল। ১৯৯৪ সালে জন্ম হয়ে তালিবান মাত্র ২ বছরের মাথায় আফগানিস্তানের প্রায় ৯০% এলাকা

নিয়ন্ত্রণে নিয়ে আল্লাহর শরিয়ত কায়েম করে এক নতুন ইতিহাসের জন্ম দিয়েছিল। কিন্তু ২০০১ সালে মার্কিন যুক্তরাষ্ট্র ও তার ক্রুসেডার সহযোগীদের আক্রমণে তালিবানরা আফগানিস্তানের প্রত্যক্ষ নিয়ন্ত্রণ ছেড়ে দিয়ে সামরিক দিক থেকে এই ধরণীর সবচেয়ে শক্তিশালী দেশ বলে বিবেচিত মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে এক দীর্ঘমেয়াদী জিহাদের পরিকল্পনা করেন। এই মহান জিহাদের বরকতে এখন আফগানিস্তানের অধিকাংশ এলাকায় তালিবানদের কালিমা খচিত পতাকা পতপত করে উড়ছে।

২০০১ সালে শুরু হওয়া সেই জিহাদ আজ পত্র পল্লবে সুশোভিত হয়ে সারা দুনিয়াতে ছড়িয়ে পড়েছে। সারা দুনিয়াতে আজ ক্রুসেডারদের বিরুদ্ধে ইসলামকে বিজয়ী করার লক্ষ্যে যে চূড়ান্ত লড়াই চলছে, তা তালিবানদের সাহায্য-সহযোগিতায় এগিয়ে চলছে আলহামদুলিল্লাহ্।

১৯৯৪ সালে হঠাৎ জন্ম হয়ে ২ বছরের মাথায় আফগানিস্তানে নিয়ন্ত্রণ নেওয়া তালিবানকে পূর্বে অনেকেই শুধুমাত্র ঘটনার প্রেক্ষাপটে তৈরি হওয়া শক্তি মনে করলেও পরাশক্তি আমেরিকার সাথে ১৮ বছর ধরে লড়াই করে পুনরায় আফগানিস্তানের পরিপূর্ণ নিয়ন্ত্রণ নিতে যাওয়া তালিবানকে এখন আর শুধুমাত্র একটি সামরিক শক্তি ভাবার কোনো অবকাশ নেই। বরং তালিবান একটি আন্দোলন ও চিন্তাধারা, যারা ইসলামের হারিয়ে যাওয়া পূর্ণাঙ্গ রূপকে ফিরিয়ে আনার জন্য এক সর্বাত্মক জিহাদে নিয়োজিত রয়েছে।

তালিবানদের চিন্তাধারা নিয়ে পুরো দুনিয়ার মানুষের আগ্রহের খোরাক যোগান দিতে তালিবানদের অফিসিয়াল মাসিক আরবি ম্যাগাজিন 'আস-সমুদ' এর ৪৪, ৪৬, ৪৭, ৪৮ ও ৪৯ তম সংখ্যায় তালিবানদের একজন গুরুত্বপূর্ণ দায়িত্বশীল আলিম শাইখ আব্দুল ওয়াহহাব কাবুলি (হাফি.) الدعائم الأساسية لفكر طالبان অর্থাৎ "তালিবানের চিন্তাধারার মৌলিক ভিত্তি" শিরোনামে একটি ধারাবাহিক আর্টিকেল লিখেছেন। মুসলিম উম্মাহর হক্ব কাফেলা তালিবানদের চিন্তাধারা জানতে এবং এই হক্ব কাফেলার চিন্তাধারার আলোকে নিজেদেরকে গঠন করার প্রত্যাশায় আল ফিরদাউস অনুবাদ উক্ত আর্টিকেল বাংলায় অনুবাদ করে প্রকাশ করেছে। আল্লাহ তা'আলা আমাদেরকে সর্বদা হক্বের উপর সুপ্রতিষ্ঠিত থাকার তাউফিক্ব দান করুন। আমিন। (অনুবাদ সম্পাদক)

সূচিপত্র পৃষ্ঠা

১। ভূমিকা---------- ০৬

২। ইসলামের ব্যাপারে আন্দোলনের নেতৃত্ব ও প্রতিষ্ঠাতাদের উপলব্ধি---------- ০৮

৩। তালিবানদের চিন্তাধারা ও উপলব্ধি দুষিত না হওয়া---------- ১১

৪। আন্তর্জাতিক আইন এবং জাতিসঙ্ঘের নীতি ও সনদের আলোকে রাষ্ট্র পরিচালনা করতে অস্বীকৃতি জানানো---------- ১৩

৫। আল্লাহর দ্বীনের প্রতি ঐকান্তিক ঘনিষ্ঠতা এবং বাতিল গোষ্ঠীর সাথে আপোষ না করা... ১৬

৬। রাজা-বাদশাহ ও ধর্মনিরপেক্ষবাদীদেরকে নেতৃত্ব থেকে অপসারণের পর তা আলিম ও দ্বীনদারদের কাছে হস্তান্তর করা---------- ১৮

৭। ডেমোক্রেসি বা গণতন্ত্রকে সর্বাত্মকভাবে প্রত্যাখ্যান করা এবং এটিকে আধুনিক জাহেলিয়াতের দ্বীন হিসাবে গন্য করা---------- ২৬

৮। জাহেলি দলপ্রীতি প্রত্যাখ্যান করে এক কাতারবদ্ধ করা---------- ৩০

৯। তালিবানদের চিন্তাধারায় নারী---------- ৩৮

১০। জিহাদের ব্যাপারে তালিবানদের চিন্তাধারা---------- ৪৮

ক। জিহাদের ব্যাপারে তালিবানদের দৃষ্টিভঙ্গি---------- ৫০

খ। বর্তমান সময়ে জিহাদ ফরজে আইন হওয়ার ব্যাপারে আকিদা---------- ৫২

গ। তালিবানদের নিকট জিহাদের সুস্পষ্ট লক্ষ্য---------- ৫৫

ঘ। তালিবানদের জিহাদের প্রস্তুতি---------- ৫৬

ঙ। বিশ্বের জিহাদি সংগঠন ও মুজাহিদিনদের ব্যাপারে তালিবানদের দৃষ্টিভঙ্গি------ ৫৯

[বিঃ দ্রঃ এই সূচীপত্র তালিবানদের অফিসিয়াল ম্যাগাজিনে প্রকাশিত আরবি আর্টিকেলে নেই। আর্টিকেলের বিষয়গুলো একনজরে দেখার সুবিধার্থে শিরোনামগুলো একত্র করে তা সূচীপত্র আকারে সংযোজন করা হয়েছে। __সম্পাদক]

১.ভূমিকা

খ্রিস্টীয় বিংশ শতাব্দীর শেষ প্রান্তে তালিবান আন্দোলনের [ইমারতে ইসলামিয়া] উৎপত্তি হয়েছে, যাতে করে এই আন্দোলন একবিংশ শতাব্দীতে ইসলামি আন্দোলনগুলোর জন্য আলোক দিশারী হতে পারে। মনে হয়, আল্লাহ তা'আলা চাচ্ছেন পৃথিবীর সবচেয়ে শক্তিধর ক্রুসেডার বিশ্ব-পরাশক্তিকে পৃথিবীর অত্যন্ত দুর্বল সামরিক শক্তির মাধ্যমে আঘাত করতে, যাতে মানুষ নতুনভাবে জানতে পারে যে, সত্যিকার শক্তি হচ্ছে ঈমানের শক্তি। এ যুগে অধিকাংশ মানুষ যে বস্তুগত শক্তির উপাসনা করে থাকে তা (আসল শক্তি) নয়। তালিবান আন্দোলনের সূত্রপাত অতঃপর তার শাসনক্ষমতায় আরোহণ এবং মানবজাতিকে এই আন্দোলন কর্তৃক প্রদানকৃত এক নতুন ধরণের শাসনব্যবস্থা, যা যুগ যুগ ধরে মানুষ ভুলে বসেছিল। আর তা হচ্ছে, আল্লাহ যা নাযিল করেছেন তার মাধ্যমে বিচার বা শাসন।

অতঃপর তারা আল্লাহর শরিয়তকে বাস্তবায়ন করেছেন এবং আল্লাহর বান্দাদের জন্য নিরাপত্তা ও প্রশান্তির সৌভাগ্য লাভের সুযোগ করে দিয়েছেন। তারা জুলুম, বিশৃঙ্খলা এবং জাহেলিয়াতের আইন-কানুনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন, যা সাম্রাজ্যবাদী শক্তি ইসলামের দাবিদার তাদের গোলামদের হাত দিয়ে আফগানের উপর চাপিয়ে দিয়েছে। অতঃপর ক্রুসেডার রাষ্ট্রগুলো তাদের (তালিবানদের) বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে , কুফুরি বিশ্ব এক ধনুক থেকে তাদেরকে তীর বর্ষণ করেছে এবং তাদেরকে চূড়ান্তভাবে ধ্বংস করার জন্য কুফর ও নিফাক্কের অধিকারী সকল জাতি-গোষ্ঠী এ যুগে বিশ্ব-ক্রুসেডের নেতৃত্বে এক পতাকার অধীনে ঐক্যবদ্ধ হয়েছে। তবে আল্লাহ তা'আলা বিশ্ব-কুফুরি সৈন্যবাহিনীর মোকাবেলায় ইমারতে ইসলামিয়াকে সুদৃঢ় থাকার তাউফিক্ব দান করেছেন। আর হ্যাঁ, এখন ইমারতে ইসলামিয়া নতুনভাবে সুস্পষ্ট বিজয়ের দ্বারপ্রান্তে পৌঁছে গেছে ইনশাআল্লাহ্।

নিশ্চয়ই তালিবান আন্দোলন তার প্রতিরোধের ধরণ, তার চিন্তাধারা, তার চিন্তাগত ভিত্তি, দুনিয়া এবং মানুষের প্রতি তার ভাবনা এবং অন্যদের সাথে আচরণের ক্ষেত্রে মাপকাঠির

বিবেচনায় একটি অনন্য আন্দোলন। সুতরাং তার কৌশল গ্রহণ এবং পরিকল্পনা ও কর্মসূচী বাস্তবায়নে তার কী কী চিন্তাগত ভিত্তি রয়েছে যার প্রতি এই আন্দোলন নির্ভর করে ?

এটি এমন একটি প্রশ্ন যার উত্তর জানার জন্য দুনিয়ার মানুষ প্রবল আগ্রহ অনুভব করে। এই প্রশ্নের উত্তর জানার জন্য বুদ্ধিবৃত্তিক পটভূমি ও চিন্তাভাবনার উৎসগুলো জানতে এবং সেই মানহাজ নিয়ে গবেষণা করতে আহবান করে যা ইমারতে ইসলামিয়ার নেতৃবৃন্দ লালন করে। আর তাতে তালিবানের পরিচিতি, নীতিনির্ধারণ ও শাসন, ইসলামি শরিয়তের ব্যাপারে তাদের উপলব্ধি বা বুঝ এবং ইসলামের ইতিহাসের ঘটনাবলীর ব্যাখ্যা-বিশ্লেষণের ক্ষেত্রে তাদের দৃষ্টিভঙ্গির পরিচয় জানা আমাদের জন্য সম্ভব হবে। যেহেতু এই দুর্বল বান্দা (লেখক) তালিবান আন্দোলনের সারিতে দীর্ঘ বহু বছর ধরে কাজ করছে,এই আন্দোলনের উত্থান ও বিকাশের বিভিন্ন পর্যায় প্রত্যক্ষ করেছে এবং এই আন্দোলনের নেতৃত্ব ও সংশ্লিষ্টদের মনস্তত্ত্ব অনুধাবন করেছে। যেই মানহাজ বা পথের উপর এই আন্দোলনের নেতৃত্ব পড়াশুনা করেছে সে (এই প্রবন্ধের লেখক) স্বয়ং সেই মানহাজ বা পথের উপর পড়াশুনা করেছে এবং এই আন্দোলনের নেতৃত্ব যে পরিবেশ-পরিস্থিতি দ্বারা প্রভাবান্বিত হয়েছেন সে (এই প্রবন্ধের লেখক) ঠিক একই পরিবেশ-পরিস্থিতি দ্বারা প্রভাবান্বিত হয়েছেন।

আল্লাহ তা'আলা আমার জন্য সহজ করেছেন এই আন্দোলনেকে ঘনিষ্ঠভাবে জানার এবং পশ্চিমা মিডিয়ার প্রচারণার ফলে বহিরাগত প্রভাব থেকে দূরে থাকার, যার উপর ভিত্তি করে এই আন্দোলন এবং এর দৃষ্টিভঙ্গির ব্যাপারে কিছু মানুষের চিন্তাধারা গড়ে উঠেছে, যার ফলে তারা ইচ্ছাকৃত এই আন্দোলনের ব্যাপারে অবিচার করেছে অথবা অনেকেই এই আন্দোলনের প্রকৃত বাস্তবতা না জেনে এর ব্যাপারে বাড়াবাড়ি করেছে। সুতরাং এই প্রবন্ধে আমি এই আন্দোলনের চিন্তাগত ভিত্তিসমূহ এবং এই আন্দোলনের মৌলিক ভিত্তিসমূহ এবং প্রশাসন, সরকার, কুফর ও ইসলামের ব্যাপারে তালিবানদের দৃষ্টিভঙ্গি সারমর্ম আকারে উপস্থাপনের চেষ্টা করেছি। এসব ভিত্তি জানতে আমি যে পন্থা অবলম্বন করেছি, আমি তাতে পূর্ণ বিশুদ্ধতার দাবি করছি না।

কিন্তু এগুলো হচ্ছে মৌলিক পয়েন্ট এবং এই চিন্তাধারার মোটাদাগের বিষয় যা আমি আন্দোলনের বাস্তবতা, বিভিন্ন ঘটনাপ্রবাহের ব্যাপারে এর অবস্থান এবং চলমান বাস্তবতা থেকে উপলব্ধি করেছি। আর সেগুলো হচ্ছেঃ-

২. ইসলামের ব্যাপারে আন্দোলনের নেতৃত্ব ও প্রতিষ্ঠাতাদের উপলব্ধি:

নিশ্চয়ই এই আন্দোলনের প্রতিষ্ঠাতা ও রাজনৈতিক-সামরিক সকল নেতৃবৃন্দ শরিয়তের ইলমের সাথে সম্পৃক্ত। তারা হয় শিক্ষা সমাপ্ত করে বের হওয়া আলিম অথবা কেউ ইলমে শরিয়ত অন্বেষণের বিভিন্ন পর্যায়ে রয়েছে। তাদের কাছে জ্ঞানার্জনের উৎস হচ্ছে শরিয়তের সেসব প্রমাণাদি যেগুলো এই উম্মতের সালাফদের যুগে ছিল। তারা তা সেসব কিতাবাদিতে অধ্যয়ন করেন যা অতীত যুগের ইসলামের আলিমগণ লিপিবদ্ধ করেছেন, যেগুলোতে সেসময়ের মানুষেরা একনিষ্ঠভাবে দ্বীনকে অনুধাবন করতো, যা শেষ যুগের আলিমদের পুস্তকসমূহ ও আলোচনায় ইসলামি চিন্তাধারার মধ্যে অনুপ্রবেশ করেছে, এমন বিকৃত ব্যাখ্যা-বিশ্লেষণ ও অনুপ্রবেশকারী অপবিত্র চিন্তাধারা থেকে মুক্ত। সাম্রাজ্যবাদী পশ্চিমাগোষ্ঠী ও ইসলাম বিদ্বেষী প্রাচ্যবিদদের আধিপত্য বিস্তারের পর তারা ইসলামি বিশ্বের দেশসমূহের পাঠদান সিলেবাসে এসব পুস্তক রচনা করেছিল। এসব পুস্তকের নেতিবাচক প্রভাব ছিল, এগুলো ইলমে শরিয়তকে পাশ্চাত্যের রুহ বিবর্জিত পন্থায় পেশ করেছিল। এসব শিক্ষার মাধ্যমে দ্বীনি চিন্তাধারা ও শর'য়ি আহকাম থেকে যা শিক্ষা গ্রহণ করতো, তার ভিত্তিতে আমল করার কোনও প্রয়োজন অনুভব হতো না। বরং তা ইলমে শরিয়তকে উত্তরাধিকারের মতো একটি বিষয় হিসেবে উপস্থাপন করেছে, যাকে প্রাচ্যবাদ প্রভাবিত অনেক চিন্তাধারা অপবিত্র করেছে। ফলে তা শরিয়তের বিশুদ্ধতা এবং তা বাস্তবায়নে কল্যাণের ব্যাপারে সংশয় সৃষ্টি করেছে। ইসলামকে শরিয়ত ও মানুষের জন্য জীবনব্যবস্থা হিসেবে বিশ্বাস করে না এমন সরকারগুলোর পক্ষ থেকে প্রতিষ্ঠিত সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ আলিমদের মধ্যে এই অংশকে উৎপাদন করেছে। বরং এসব সরকার চেষ্টা করে ইসলামকে মানুষের জীবন

থেকে দূরে সরিয়ে দিতে, যাতে তার স্থান দখল করে মানুষের তৈরি আইন ও পশ্চিমা আইন। তারা চায় না, মানুষ খালেসভাবে পশ্চিমা চিন্তাধারার প্রভাবমুক্ত হয়ে ইসলামকে অনুধাবন করুক, যাতে সত্যিকার ইসলাম থেকে তাদের পথভ্রষ্ট হওয়ার জন্য মানুষ তাদের বিরুদ্ধে বিদ্রোহ না করে।

আর তালিবান ইসলামের এই বিকৃত চিন্তাধারা থেকে মুক্ত। কেননা তারা বিশুদ্ধ ইসলামি মাদরাসা ও মসজিদসমূহে ইসলাম শিক্ষালাভ করেছে, যেসব প্রতিষ্ঠানের উপর দালাল সরকারগুলো আধিপত্য বিস্তার করতে পারে না। ফলে তাদের মধ্যে সালাফদের দ্বীন ও শরিয়তের উপলব্ধির নিকটবর্তী সঠিক মানহাজ ও বিশুদ্ধ ইলম গোড়াপত্তন লাভ করেছে। সন্দেহ নেই যে, এসব মাদরাসায় প্রশাসন পরিচালনা, সিলেবাসের আধুনিকায়ন এবং জ্ঞান বিতরণের পন্থায় অনেক ত্রুটি-বিচ্যুতি আছে। কখনো কখনো ইলমের ক্ষেত্রে নতুন করে প্রবেশ করেছে এমন কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় সিলেবাসে অন্তর্ভুক্ত না হওয়ার মতো ত্রুটি রয়েছে। কিন্তু এসকল ত্রুটি-বিচ্যুতি শরিয়তের উদ্দেশ্য ও সালাফদের পন্থায় ইসলামকে অনুধাবন করতে এই সিলেবাসের পাঠ্যক্রমকে বাঁধা প্রদান করে না।

পশ্চিমা চিন্তাধারায় প্রভাবিত সিলেবাস থেকে মুক্ত হওয়ার প্রভাব হচ্ছে, দ্বীনি বিশুদ্ধ প্রতিষ্ঠান থেকে বের হওয়া ফারেগদের (স্নাতকদের) চিন্তাধারা ও নীতি এবং (পশ্চিমা চিন্তাধারায় প্রভাবিত ব্যক্তিরা) তাদের পশ্চিমা প্রভুরা তাদের নিজস্ব পন্থায় যে চিন্তাধারা ও নীতি প্রতিপালন করেছে তার মধ্যে সম্পূর্ণ বিচ্ছিন্নতা বা পার্থক্য বিদ্যমান রয়েছে। এক্ষেত্রে ইসলাম ও তার আন্তরিক অনুসারীদের চাহিদা এবং কুফর ও তার অনুসারীদের মাঝে কোনো যোগাযোগের স্থান নেই। আর এটিই পশ্চিমা ও কুফরের মোড়লদেরকে তালিবানদের বিরুদ্ধে রাগান্বিত করেছে। যেহেতু তারা (তালিবানরা) রাজনীতি, শাসন, আইন, আন্তর্জাতিক সম্পর্ক ও জীবনের অন্যান্য ক্ষেত্রে পশ্চিমা নীতির অনুসরণ করে না।

অতঃপর পশ্চিমারা তালিবানের চিন্তাধারা ও ইসলামের ক্ষেত্রে তাদের উপলব্ধির বিরুদ্ধে এক সর্বাত্মক বিশ্বযুদ্ধের ঘোষণা দিয়েছে। আর তা শুধুমাত্র সামরিক যুদ্ধে সীমাবদ্ধ থাকেনি বরং

তারা তালিবানদের বিরুদ্ধে শিক্ষা, মিডিয়া, অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক সকল ক্ষেত্রে সর্বাত্মক যুদ্ধ চালিয়ে যাচ্ছে। তারা এসব ক্ষেত্রে শত শত মিলিয়ন ডলার খরচ করেছে এসব অঞ্চলে বিভিন্ন রূপে ছড়িয়ে পড়া তালিবানদের চিন্তাধারার প্রভাবকে নির্মূল করার জন্য। এই ভয়ে যে, পশ্চিমারা ইসলামি বিশ্বের মুসলিমদের মন-মানসে যেসব মতবাদ প্রতিষ্ঠা করার জন্য কাজ করেছে, তালিবানদের চিন্তাধারা পশ্চিমা সেসব মতবাদকে নিঃশেষ করে দিবে।

সুতরাং আফগানিস্তানে ইসলামি ইমারতের বিরুদ্ধে এই যুদ্ধ শাইখ উসামা বিন লাদেন হাফিঃ*** অথবা অন্য কাউকে বন্দী করার যুদ্ধ নয় বরং তা সত্যিকার ইসলামি চিন্তাধারার বিরুদ্ধে যুদ্ধ, যে চিন্তাধারা পশ্চিমা ক্রুসেডার এবং ইসলামি বিশ্বে তাদের পা-চাটা গোলাম শাসকদের সাথে কোনো ধরণের আপোষ করে না।

তালিবানের চিন্তাধারা এবং তাদের নীতিগত অবস্থান নিয়ে পর্যালোচনার মাধ্যমে আমরা এই সিদ্ধান্তে উপনীত হই যে, তাদের নিকট ইলমে শরিয়ত শুধুমাত্র সার্টিফিকেট অর্জন, পেশা ও ইলমি গৌরবের জন্য নয়। নিশ্চয়ই এটি এমন এক দ্বীন, যা চিন্তাধারা থেকে আমলে বাস্তবায়নকে আবশ্যক করে, তা যত কুরবানি-ই দাবি করুক না কেনো।

আর এতে কোনো সন্দেহ নেই, শরিয়ত বাস্তবায়নের জন্য অনেক বাঁধা-বিপত্তি ও প্রতিবন্ধকতা দূর করার প্রয়োজন রয়েছে, যেসব প্রতিবন্ধকতা মুসলিম ও ইসলামের মূলনীতির আলোকে ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠার মাঝে দাঁড় করানো হয়েছে।

যখন এসব প্রতিবন্ধকতা অপসারণে দলিল-প্রমাণের শক্তি কোনো কাজে আসবে না, তখন অবশ্যই সামরিক শক্তি প্রয়োগ করতে হবে। আর আফগানিস্তানে শাসনের ক্ষেত্রে তালিবানরা এটি-ই করেছিল। আর এখনো তারা তাদের মহান রবের শরিয়ত থেকে যা জেনেছে তা বাস্তবায়নের জন্য রক্ত ও জান কুরবানি পেশ করছে। আর এটি-ই তালিবানদেরকে সেসব ব্যক্তিদের থেকে আলাদা করেছে, যারা ইলম ও তা'লিমের ক্ষেত্রে পশ্চিমা ধাঁচের একাডেমিক পদ্ধতিতে জ্ঞান অর্জন করছে। জামি'আ বা বিশ্ববিদ্যালয়ের আলিমগণ অনুসন্ধান ও গবেষণার

জন্য ইলমে শরিয়ত শিক্ষা দিচ্ছে। আর তালিবানরা হচ্ছে মসজিদ ও মাদরাসার সন্তান। তারা ইলমে শরিয়ত শিক্ষাগ্রহণ (ও শিক্ষাদান) করছে আমল করা ও তা বাস্তবায়নের জন্য।

*** [যেহেতু এই আর্টিকেলটি শাইখ উসামা বিন লাদেন রাহ.জীবিত থাকতে ২০১০ সালে প্রকাশিত হয়েছে, তাই উনার নামের সাথে হাফি.লেখা হয়েছে____ অনুবাদক]

৩. তালিবানদের চিন্তাধারা ও উপলব্ধি দুষিত না হওয়া

যা পশ্চিমা সভ্যতা চিন্তাধারা, চালচলন, রীতি-নীতি ও শাসনব্যবস্থার ক্ষেত্রে নিয়ে এসেছে। নিশ্চয়ই ইসলামি দেশ ও জাতিসমূহের উপর চেপে বসা শাসনব্যবস্থা ও ত্বগুত সরকারগুলো, যার সিংহভাগ-ই পশ্চিমা সাম্রাজ্যবাদীদের পথ অবলম্বন করে এসেছে, তারা ইসলামি দেশসমূহে যেসব মাদরাসা বাঁ শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করেছে তাতে এই প্রজন্মকে শিক্ষাদানের ব্যবস্থা করার পর অথবা পশ্চিমা দেশে শিক্ষার জন্য শিক্ষাবিষয়ক প্রতিনিধিদল প্রেরিত হওয়ার পর, যাতে তারা পশ্চিমাদের হাতে এবং সবধরনের ইসলামি প্রভাবমুক্ত পরিবেশে শিক্ষালাভ করতে পারে, ফলে তারা সাম্রাজ্যবাদীদের প্রস্থানের পর ভবিষ্যৎ ইসলামি বিশ্বের শাসক হিসেবে তাদের প্রস্তুতি সম্পন্ন করতে পারে।

তারা সেই সিলেবাসে শিক্ষাদান করছে, যা পশ্চিমারা তাদের মগজ ধোলাই করার জন্য তৈরি করেছে। ফলে দ্বীনি বন্ধন থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন পশ্চিমা দর্শনের বস্তুগত ও আল্লাহদ্রোহী দর্শনের দ্বারা তাদের উপলব্ধি ও চিন্তাশক্তি দুষিত হয়ে গেছে। আর তারা শাসন, রাজনীতি ও সরকারব্যবস্থার ক্ষেত্রে ধর্মনিরপেক্ষ ব্যবস্থাকে গ্রহণ করেছে। তাদের প্রবৃত্তিসমূহ দ্বীনকে প্রত্যাখ্যান ও দ্বীনের প্রতি আত্মসমর্পণের ক্ষেত্রে কুফুরি শিক্ষাকে পরিতৃপ্তির সাথে গ্রহণ করেছে। এই প্রজন্ম পশ্চিমা রঙ্গে সম্পূর্ণরূপে রঙ্গিন হয়ে পশ্চিমা বিশ্ববিদ্যালয়গুলো থেকে প্রত্যাবর্তনের পর সাম্রাজ্যবাদী দেশগুলো পরাধীন ইসলামি দেশে তাদের হাতে শাসনক্ষমতা

সমর্পণ করেছে। অতঃপর তারা তাদের শাসনব্যবস্থা ও প্রশাসনে পশ্চিমা আল্লাহদ্রোহী চিন্তাধারা ও পন্থাকে বেছে নিয়েছে এবং তারা শাসনক্ষমতা ও তা বাস্তবায়নের ক্ষেত্রে শরিয়তকে দূরে সরিয়ে দিয়েছে। বরং তারা শরিয়তের বিরুদ্ধে চরম বিদ্রোহ করেছে। আর তারা মানবজীবনের সকল ক্ষেত্রে এমন নতুন কাঠামো উদ্ভাবন করেছে, যাতে ইসলামি বিশ্বের ভবিষ্যৎ নির্ধারণে সাম্রাজ্যবাদীরা যে ছক তৈরি করেছিল, সেই মানদণ্ডে পশ্চিমা ধাঁচে এই প্রজন্ম গড়ে উঠে। ফলে তাদের (ইসলামি বিশ্বের) কিছু অংশ নাস্তিক্যবাদী সমাজতান্ত্রিক শাসনব্যবস্থাকে কায়েম করেছে এবং কিছু অংশ শরিয়তের বিচারব্যবস্থাকে প্রত্যাখ্যানকারী উদার ধর্মনিরপেক্ষ শাসনব্যবস্থাকে প্রতিষ্ঠিত করেছে। অতঃপর তারা তাদের আমদানি করা মতবাদ বাস্তবায়নের ক্ষেত্রে অত্যাচার,নির্যাতন ও বন্দিত্বের অনুশীলনের পথ ধরে ইসলামি বিশ্বের জনতাকে এক বিপর্যয়ের পর আরেক বিপর্যয়ের স্বাদ আস্বাদন করিয়েছে। আর এভাবেই মাত্র এক শতকেরও কম সময়ের মধ্যে ইসলামি বিশ্ব তার স্বাধীন ইসলামি বৈশিষ্ট্য হারিয়ে পশ্চিমের লেজে পরিণত হয়েছে। ফলে ইসলাম তার নিজ ঘরে অপরিচিত হয়ে গেছে, যেমনিভাবে মানবরচিত আইন ও মতবাদ দ্বারা শাসিত মুসলিমরা নিজ ভূখণ্ডে অপরিচিত হয়ে গেছে।

আর বিভিন্ন জাতি ও জনগণের সাথে আচরণের ক্ষেত্রে তালিবানদের চিন্তাধারা ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, কৌশলী, প্রয়োগতাত্ত্বিক, উপকার ও অধিকতর কল্যাণের যুক্তি এবং অত্যাচার ও প্রতারণার ভাষায় পশ্চিমা দর্শনের নব উদ্ভাবিত বিপর্যয়ের দ্বারা দুষিত হয়নি। বরং তালিবানরা চিন্তাধারা, আদর্শ, তাদের জীবন দর্শন এবং অন্যদের সাথে মু'আমালাতসহ সকল ক্ষেত্রে ইসলামি শরিয়ত থেকে (বিধান) গ্রহণ করেছে। তারা জীবনের সকল ক্ষেত্রে ইসলামি শরিয়তের সেসব বিধানকে পুনঃপ্রতিষ্ঠা করতে শুরু করেছে যেগুলো ধর্মনিরপেক্ষতা হত্যা করেছিল (অর্থাৎ বিলুপ্ত করেছে)। আর তালিবানরা তাদের বিরোধিতা কিংবা তাদের বিরুদ্ধে কথিত বিশ্ব সংস্থাগুলোর ঐক্যমত হওয়াকে কোনো পরওয়া করেনি, যে পর্যন্ত ইসলাম তা করার নির্দেশ দিয়েছে। তালিবানরা মানবরচিত সকল আইন-কানুন বাতিল করে দিয়েছে, যেগুলো পূর্ববর্তী ধর্মনিরপেক্ষ সরকারগুলো আমদানি করেছিল। যখন পশ্চিমা জগৎ দেখল

যে, তালিবানরা মুসলিম ও বিশ্ববাসীর সামনে এমন এক ভিন্নতর চিন্তাধারা ও আদর্শ পদ্ধতি পেশ করছে, যা মানুষকে পশ্চিমা বস্তুবাদী মানদণ্ডের অন্ধকার থেকে মুক্ত করে ইসলামের আলোর দিকে, ইসলামি শরিয়তের ন্যায়বিচারের দিকে, পশ্চিমা কপট রাজনীতি থেকে বিশুদ্ধ ইসলাম ও ইসলামের উন্নত শিক্ষার স্বচ্ছতার দিকে এবং দালাল সরকারগুলোর পথভ্রষ্টতা থেকে বের করে উম্মতের সালাফদের মানহাজের দিকে পথপ্রদর্শন পেশ করছে, তখন পশ্চিমারা যে মতবাদ মুসলিম বিশ্বে প্রসারের জন্য কাজ করছিল এবং দীর্ঘকাল পর্যন্ত মুসলিমদেরকে এই মতবাদের কার্যকারিতার ব্যাপারে আশ্বস্ত করছিল, (তালিবানদের) একাজের মধ্যে তাদের আদর্শের বিরুদ্ধে বিরাট হুমকি দেখতে পেল।

একারণে পশ্চিমারা তালিবানদের থেকে মানুষকে বিমুখ করার জন্য তালিবানদের চিন্তাধারা ও তালিবান সরকারের বিরুদ্ধে তাদের অভিযোগের তীর এবং চক্রান্ত আরোপ করতে শুরু করল, যাতে করে অন্যান্য ইসলামি দেশসমূহে মুসলিমগণ তালিবানদের অনুসরণ না করে। আর পশ্চিমা আইন-কানুন তাদের অধিবাসীদের ধর্মীয় স্বাধীনতাকে নির্দিষ্ট ছকে বেঁধে দিয়েছে এবং সেক্ষেত্রে পশ্চিমা উপলব্ধি মানুষের বিবেক ও চিন্তাধারাকে কলুষিত করে ফেলেছে।

৪. আন্তর্জাতিক আইন এবং জাতিসঙ্ঘের নীতি ও সনদের আলোকে রাষ্ট্র পরিচালনা বা বিচার-ফায়সালা করতে অস্বীকৃতি জানানো বা প্রত্যাখ্যান করা:

বর্তমানে আন্তর্জাতিক আইনের নামে যা আছে এবং জাতিসঙ্ঘের সকল শাখা, বেসামরিক ও সামরিক প্রশাসন তা মূলত: তাদের কর্তৃত্ব ও সম্প্রসারণবাদী-সাম্রাজ্যবাদী নীতিকে আড়াল করা এবং কতিপয় শক্তিশালী রাষ্ট্রের পক্ষ থেকে অন্যান্য দুর্বল রাষ্ট্র যার মধ্যে ইসলামি দেশগুলোও রয়েছে, তাদের উপর রাজনৈতিক ও বিচার সংক্রান্ত কর্তৃত্ব বাস্তবায়ন করার জন্য বাহ্যিক আচ্ছাদন মাত্র। শক্তিশালী রাষ্ট্রগুলো আন্তর্জাতিক আইনের নামে এসব ব্যবস্থার জন্য

বিভিন্ন আইন-কানুন ও সনদ তৈরি করে এমন বিস্তৃতরূপে অন্তর্ভুক্ত করেছে যাতে তাদের অপরাধী আইনের মাধ্যমে সেসব রাষ্ট্রের কল্যাণ এবং তাদের শক্তিগুলোকে শৃঙ্খলিত করার শর্তে এই আইনের শ্রেষ্ঠত্ব অন্য রাষ্ট্রগুলোর উপর আরোপিত করা যায়। বিগত ৬০ বছরের বেশি সময় ধরে পৃথিবী তা প্রত্যক্ষ করছে। আর সত্যিকার অর্থে এসব আইন হচ্ছে, সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলো দুর্বল রাষ্ট্র ও জাতির অধিকারের ক্ষেত্রে যে অপরাধ সংঘটিত করেছে, তা বাস্তবায়নের জন্য একটা হাতিয়ার মাত্র। যেনো এসব আইন-কানুন সকল মাজলুম জাতির উপর বাস্তবায়ন করাকে আবশ্যক করে দিতে পারে।

পশ্চিমারা এসব আইনকে পবিত্রতার উচ্চ মহিমার বেষ্টনী দ্বারা মোড়ক দিয়ে এমন রূপ দিয়েছে যে, তার সমালোচনা কিংবা বিতর্ক কিংবা তার রচনা নিয়ে পুনরায় চিন্তাভাবনা করা কিংবা তার মূল বিষয়বস্তু পরিবর্তন করা গ্রহণযোগ্য নয়। যেনো এসব (মানবরচিত কুফরি) আইন মানবজাতির কল্যাণের জন্য আল্লাহ তা'আলা তাঁর আম্বিয়াদের (আ.) উপর যে পবিত্র ও আসমানি শিক্ষা নাযিল করেছেন তার উপরে মর্যাদা দান করা হয়েছে। যেহেতু ইসলামি বিশ্বের রাষ্ট্রব্যবস্থা ও সরকারগুলো পশ্চিমা সাম্রাজ্যবাদীদের তৈরি এবং এসব রাষ্ট্রের কার্যাবলী পরিচালনা করে এমন সব মানুষ যারা আল্লাহ তা'আলা ও রাসূল সাঃ এর সাথে খেয়ানত করেছে এবং তারা সেসব সাম্রাজ্যবাদী রাষ্ট্রের প্রতি নিষ্ঠার সাথে অনুগত থেকেছে, যেসব রাষ্ট্র তাদের ক্ষমতায় আরোহণ ও ক্ষমতায় টিকে থাকাকে প্রতিষ্ঠিত করেছে। এসব শাসকেরা সেসব আইন ও ব্যবস্থাপনা বা প্রশাসনের [আন্তর্জাতিক !!?] সনদের প্রতি এমনভাবে ঈমান (বিশ্বাস) এনেছে, যেভাবে মুসলিমরা ইসলামের প্রতি ঈমান (বিশ্বাস) আনে। এসব দালাল ব্যক্তিরা (শাসকেরা) এসব (আন্তর্জাতিক কুফরি) আইনের মাধ্যমে রাষ্ট্রপরিচালনা বা বিচার-ফায়সালা করায় এমনভাবে নিবেদিত থেকেছে যেভাবে মুসলিমরা তাদের জীবনে বিচার-ফায়সালা করা ও তা বাস্তবায়নে আল্লাহর শরিয়তের প্রতি নিবেদিত থাকে।

আর এভাবেই পশ্চিমা আইনি আধিপত্য ইসলামি বিশ্বের দেশসমূহে আমাদের জীবনের উপর পরিচালনা করছে। এসব আইনের বিরুদ্ধে বিদ্রোহ করা কিংবা এসব আইনের মাধ্যমে বিচার-

ফায়সালা প্রত্যাখ্যান করা মহা অপরাধ হিসেবে গণ্য হচ্ছে। এসবের বিরোধিতাকারী রাষ্ট্র ও জাতিকে এই অপরাধের শাস্তি হিসেবে গণহত্যা, ধ্বংসযজ্ঞ ও ঘরবাড়ি থেকে বিতাড়ন এবং উক্ত দেশের সরকারের পতন ঘটানো, তাদের সম্পদ দখল করার পরিণতি ভোগ করতে হচ্ছে, যে পর্যন্ত না উক্ত আইন-কানুনের প্রতি স্বেচ্ছায় কিংবা অনিচ্ছায় আনুগত্য না করবে।

কিন্তু তালিবানরা এই উপাখ্যান বাতিল করে দিয়েছে এবং তারা সুস্পষ্টভাবে এসব আইনের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছে। আর তারা তাদের সর্বোচ্চ আওয়াজে আহবান করছে যে, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক, প্রথম ও শেষ সকল ক্ষেত্রে একমাত্র আল্লাহর শরিয়তের শাসন হওয়া আবশ্যক। তারা তাদের মূলনীতি ও ঈমানের উপর দৃঢ়তার সাথে সুপ্রতিষ্ঠিত থেকেছে এবং শক্তিশালী ঝড়ের মোকাবেলায়ও তা টলেনি। নিশ্চয়ই ইজ্জত একমাত্র আল্লাহ তা'আলা, তাঁর রাসূল সা. এবং মুমিনদের জন্য কিন্তু মুনাফিকরা তা জানে না।

আর তালিবানদের নিকট এসব চিন্তাগত ভিত্তিসমূহ কখনো অর্থহীন প্রতীকের সীমায় আটকে থাকেনি, যেভাবে ইসলামের সাথে যুক্ত বিভিন্ন দল এগুলোকে তুলে ধরে বরং তাদের আমল এই চিন্তাধারাকে বাস্তবে রূপায়িত করেছে। যখন তারা আন্তর্জাতিক সনদের আলোকে রাষ্ট্র পরিচালনা কিংবা যাবতীয় কার্যাবলীর ক্ষেত্রে শরিয়তের উৎসকে আঁকড়ে ধরার পরীক্ষার মুখোমুখি হয়েছে, তারা (তালিবানরা) আন্তর্জাতিক আইনের সনদের প্রতি আত্মসমর্পণ করতে অস্বীকৃতি জানিয়েছে বা প্রত্যাখ্যান করেছে। তারা তখন ইসলামকে আঁকড়ে ধরেছে। যদিও ইসলামকে আঁকড়ে ধরার জন্য তাদের সরকার ও শাসনের পতন হয়েছে, যে শাসনকে তারা বিরাট কুরবানির পর তাদের রক্ত ও খুলির বিনিময়ে প্রতিষ্ঠা করেছিল।

কেননা তালিবানের নিকট তাদের শাসনের লক্ষ্য ছিল আল্লাহর দ্বীনকে সুউচ্চে তুলে ধরা। আর এখনো পর্যন্ত শাসনব্যবস্থার মধ্যে যেখানে আল্লাহর দ্বীন বিজয়ী না থাকবে, পশ্চিমাদের সাথে দর কষাকষির জন্য সেখানে তালিবানদের দৃষ্টিতে শাসনের কোনো মূল্যই নেই। কিন্তু এসকল বিষয় ইসলামের শিক্ষার সাথে সাংঘর্ষিক না হলে কোনো নীতি বা আন্তর্জাতিক সনদকে সমর্থন করতে নিষেধ করে না।

এই উপলব্ধি হচ্ছে স্বয়ং সেই উপলব্ধি, যা রাসূল সাঃ তাঁর সাহাবিদেরকে মক্কা থেকে মদিনায় হিজরতের ক্ষেত্রে উৎসাহ দেওয়ার সময় বারংবার উচ্চারণ করেছেন। রাসূল সাঃ মক্কায় জাহেলিয়াতের সাথে অংশীদার হয়ে রাষ্ট্রপরিচালনা করতে রাজি হননি। যদিও মক্কার অধিবাসীরা রাসূল সাঃ কে প্রধান করে রাষ্ট্রপরিচালনা করতে রাজি ছিল এই শর্তে যে, তিনি রাষ্ট্রপরিচালনার ক্ষেত্রে তাদের জাহেলিয়াত, আইন-কানুন এবং তাদের বাপ-দাদাদের থেকে প্রাপ্ত রীতিনীতির দ্বারা শাসনকে স্পর্শ করবেন না অর্থাৎ এগুলোকে বাদ দিবেন না।

নিশ্চয়ই আমাদের যুগে এধরণের উপলব্ধি বা বুঝকে পুনঃপ্রতিষ্ঠা করা তালিবানদের এক বিরাট কৃতিত্ব, যে যুগে শাসনক্ষমতার নেতৃত্বে টিকে থাকার জন্য শাসকেরা কুফরি আইন-কানুনের প্রতি আনুগত্য ও আত্মসমর্পণ করতে দৌড়াদৌড়ি করে থাকে।

৫। আল্লাহর দ্বীনের প্রতি ঐকান্তিক ঘনিষ্ঠতা এবং বাতিল গোষ্ঠীর সাথে আপোষ না করা-

এখানে অনেক ইসলামি আন্দোলন ও দল আছে যারা আল্লাহর দ্বীনের জন্য আল-ওয়ালা বা ঘনিষ্ঠতা দাবি করে যতক্ষণ পর্যন্ত সেখানে কোনো কষ্ট বা বিপদ না আসে, কিন্তু যেইমাত্র কঠিন কষ্ট ও পরিষ্কারকারী বিপদ (যে বিপদের মাধ্যমে বাতিল থেকে হক আলাদা হয়ে যায়) এসে যায়, তৎক্ষণাৎ দ্রুতই তারা আপোষকামিতা ও দরকষাকষির দিকে ঝুঁকে পড়ে এবং তাদের দুনিয়াবি অর্জন সুরক্ষার জন্য বাতিল গোষ্ঠীকে ইসলামি নীতিমালার মানদণ্ডের উপরে স্থান দেয়। আর এর চেয়ে নিকৃষ্টতর হচ্ছে যে, সেসব দল অত্যন্ত অবমাননাকর উপায়ে শত্রুদের সাথে জোট গঠন করে এবং আল্লাহর তা'আলার দ্বীনের পক্ষের মুজাহিদ ও প্রতিরোধকারীদের বিরুদ্ধে অভ্যন্তর থেকে যুদ্ধের ফ্রন্ট খুলে। আর তারা মুজাহিদদেরকে সন্ত্রাস, চরমপন্থা, ইলমের স্বল্পতা এবং দ্বীনের আসল মর্ম উপলব্ধি না করার অপবাদ দেয়। তারা জিহাদ ও মুজাহিদদের বিরুদ্ধে স্বয়ং সেসব পরিভাষা ও বৈশিষ্ট্য বারবার উচ্চারণ করে, যেগুলোর প্রচলন ঘটানোর জন্য শত্রুরা চেষ্টা করে থাকে। ইসলাম নিয়ে ব্যবসা করা এসব

দল ও আন্দোলনের পক্ষ থেকে আমাদের জাতি কতই না কষ্ট ভোগ করেছে ? কত ইসলামি উপলব্ধি-ই না এসব দলের কর্মকাণ্ড ও তাদের কলঙ্কজনক অবস্থানের মাধ্যমে বিকৃত হয়েছে? ইসলামের সাথে সম্পৃক্ত কত জামা'আত ও দলকেই আমরা দেখেছি, মুজাহিদদের বিরুদ্ধে সন্ত্রাস ও চরমপন্থার অভিযোগ আরোপ করে এসব দল বিশ্ব ক্রুসেডারদের জোটে যোগ দিচ্ছে?

আর আল্লাহর অনুগ্রহে তালিবান আন্দোলন প্রথম দিন থেকে-ই ইসলামের প্রতি আল-ওয়ালা বা ঘনিষ্ঠতাকে একনিষ্ঠভাবে বিশুদ্ধ করে নিয়েছে। তারা শাসন ক্ষমতায় পৌঁছার জন্য সেসব বিকৃত জামা'আত ও দলের সাথে আপোষ করেনি। অতঃপর ইসলামি শরিয়ত বাস্তবায়নের মাধ্যমে তারা তাদের এই আল-ওয়ালা বা ঘনিষ্ঠতায় নতুনভাবে সুপ্রতিষ্ঠিত থেকেছে। অথচ শরিয়ত বাস্তবায়ন দীর্ঘকাল যাবত বন্ধ করে রাখা হয়েছিল।

আর তালিবানদের বিরুদ্ধে চক্রান্ত, তাদের প্রতি অপবাদ আরোপ এবং তাদের কাজে সংশয় প্রকাশ সত্ত্বেও এই মহিমান্বিত কাজটি তালিবানরা প্রতিষ্ঠা করেছে, যা সারা বিশ্বে ইসলামপন্থীরা করতে ব্যর্থ হয়েছে। আর এর মাধ্যমে আমরা তালিবানের শরিয়ত বাস্তবায়নে কোনো ভুল ও স্খলন থেকে কিংবা তাদের দলে মন্দ সমর্থক থাকা থেকে মুক্ত হওয়া দাবি করছি না। এক্ষেত্রে এটি অন্যান্য আন্দোলনের অনুরূপ, যেখানে বিভিন্ন উদ্দেশ্যের অধিকারী ও পদমর্যাদার আকাঙ্ক্ষী থাকতে পারে। কখনো এমন হতে পারে যে, পূর্ববর্তী জিহাদি সংগঠনের অধীন থেকে অনুপ্রবেশ করা ব্যক্তিদের ইসলামের প্রতি ওয়ালা বা ঘনিষ্ঠতা আমেরিকান ডলারের সামনে টলে গেছে। কিন্তু যখন-ই পরীক্ষা এসেছে এসব লোকেরা তালিবান আন্দোলনকে অপমানিত করেছে, অতঃপর (তালিবান) আন্দোলন তাদেরকে ছুঁড়ে ফেলে দিয়েছে এবং তাদের জন্য তালিবানদের সারিতে কোনো স্থান নেই।

৬. রাজা-বাদশাহ ও ধর্মনিরপেক্ষবাদীদেরকে নেতৃত্ব থেকে অপসারণের পর তা আলিম ও দ্বীনদারদের কাছে হস্তান্তর করাঃ-

তালিবান আন্দোলন এই দ্বীনের (ইসলাম) চেতনা ও তাঁর গৌরবময় ইতিহাস অনুধাবনের মধ্য দিয়ে এটি বিশ্বাস করে যে, মুসলিম উম্মাহকে রাজনৈতিক নেতৃত্ব দেওয়ার হক হল উলামায়ে দ্বীন ও নবীদের উত্তরসূরিদের। এব্যাপারে দ্বীন ইসলাম অত্যন্ত স্পষ্টভাবে হুকুম দিয়েছে। এর দৃষ্টান্তের সর্বোৎকৃষ্ট উদাহরণ হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজে। কেননা তিনি নবুয়াতের মর্যাদাসম্পন্ন আসনে আসীন থেকে ইসলামি রাষ্ট্রের সর্বোচ্চ নেতা ছিলেন। তিনি ছিলেন এমন ব্যক্তি যিনি একাই রাষ্ট্র পরিচালনা, সামরিক, অর্থনৈতিক ও উম্মাহকে শরিয়ত শিক্ষা দেওয়ার কাজ পরিচালনা করতেন। তিনি ছিলেন এমন ব্যক্তি যিনি মুসলিম উম্মাহকে তাদের প্রতিপালকের দ্বীন শিক্ষা দেওয়া ও মানুষকে অন্ধকার থেকে আলোর দিকে আনার পাশাপাশি ইসলামি রাষ্ট্রের আন্তর্জাতিক নীতির জন্য পত্র লিখতেন।

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামের ইন্তিকালের পর উম্মাহকে নেতৃত্ব দেওয়ার বিষয়টি এমন ব্যক্তির উপর অর্পণ করা হয়, যিনি আল্লাহর দ্বীনের ব্যাপারে সবচেয়ে বেশী জ্ঞানী ও ইসলামি শরিয়তের প্রাণসত্ত্বার ব্যাপারে মানুষের মধ্যে সর্বাধিক পরিচিত। আর তিনি হলেন আবু বকর সিদ্দিক রাদি. (আল্লাহ্ তাঁর প্রতি সন্তুষ্ট হয়েছেন) আর এভাবেই নেতৃত্ব একজন আলিম থেকে আরেকজন আলিমের কাছে হস্তান্তর হতে লাগলো এবং তাদের রাষ্ট্র পরিচালনার মধ্য দিয়ে ইসলামি রাষ্ট্রের ভূখণ্ড প্রশস্ত হতে লাগলো ও ইসলামের দাওয়াত বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ল।

খাইরুল কুরুন বা সর্বোত্তম যুগ অতিবাহিত হওয়ার পর মানুষ দ্বীন শিক্ষা থেকে সরে যাওয়ার কারণে পতনের যামানা শুরু হয় এবং উম্মাহ রাজনৈতিক নেতৃত্বের দায়িত্ব অধিকাংশ সময় এমন সকল লোকদের উপর আরোপিত হয়, যাদের রাষ্ট্র পরিচালনা তাদের প্রতিপালকের শরিয়ত দ্বারা করার চেয়ে তাদের মনগড়া মতই বেশী হয়, ফলে তখন শরিয়ত পালনের ব্যাপারে শিথিলতা দেখা দেয়, যা উম্মাহর শক্তি দুর্বল হওয়ার কারণ হয়। অতঃপর মুসলিমরা

অনেক দেশ হারিয়েছে এবং উম্মাহ বিপর্যয়ের পর বিপর্যয় ভোগ করেছে। এই লাঞ্ছনার কর্দমতা থেকে ঐ সকল নেতৃবর্গ মুসলিম উম্মাহকে বের করে নিয়ে এসেছেন, যারা সকল ক্ষেত্রে শরিয়ত দ্বারা শাসন পরিচালনা করেছেন। তারা শরিয়ত দ্বারা শাসনকে স্বস্থানে ফিরিয়ে এনেছেন। তারা হলেন আইয়ুবী, গজনবী, মুজাফফার কুতুয ও অন্যান্যরা যাদের সাথে শরিয়তের ইলমের পাথেয় ছিল অথবা যারা আলিমদের সাথে থাকার কারণে উলামায়ে ইসলামের ইলমের দ্বারা আলোকিত হয়েছেন।

বড় আফসোসের বিষয় হচ্ছে, ইতিহাসের সেই উজ্জ্বল ভূমিকা দীর্ঘ সময় স্থায়ী হয়নি এবং শাসন-কর্তৃত্ব স্বৈরাচারী শাসকদের হাতে ফিরে আসে, যারা দ্বীনের উপর নফসের চাহিদাকে প্রাধান্য দেয়। তারা আলিমে দ্বীন ও দ্বীনদার লোকদেরকে নির্যাতন করেছে এবং শরিয়তের আলিমদেরকে রাষ্ট্রপরিচালনা ও নেতৃত্বের অঙ্গন থেকে অপসারণ করার চক্রান্ত বাস্তবায়ন করেছে।

ভিনদেশী দখলদাররা মুসলিম দেশগুলোতে তাদের কর্তৃত্ব লাভ করার পর জীবনব্যবস্থা থেকে ধর্মকে পৃথক করতে শুরু করতে থাকে এবং ধর্মনিরপেক্ষতার প্রচলন করতে থাকে। তারা জীবনব্যবস্থা ও রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে দ্বীনের যেকোনো ভূমিকাকে বাতিল করে দিয়েছে যেমনিভাবে তারা জীবনব্যবস্থা ও রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে উলামাদের ভূমিকা কমিয়ে দিয়েছে। এ অবস্থার ফলে আলিমগন তাদের মাদ্রাসাগুলোতে কিছু ব্যক্তিগত ইবাদত ও ব্যক্তিগত ইবাদতের পাঠদান নিয়ে সান্ত্বনা লাভ করেছে, যে মাদ্রাসাগুলো দাওয়াত ও পথ প্রদর্শনের আলোকদিশারী এবং উম্মাহর প্রতিরক্ষার পাথেয় হয় এমন নেতৃত্ব বের করার পরে আজ সেগুলোতে বৈরাগ্যবাদ প্রাধান্য পেয়েছে।

সাম্রাজ্যবাদীরা এ পর্যন্ত-ই সীমাবদ্ধ থাকেনি বরং তারা রাষ্ট্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে মুসলিমদের সন্তানদের মধ্য থেকে এক নতুন প্রজন্ম সৃষ্টি করেছে, যেসব প্রতিষ্ঠান তারা তৈরি করেছে তাতে ভিনদেশী শিক্ষকদের মাধ্যমে অথবা সাম্রাজ্যবাদীদের পৃষ্ঠপোষকতায় প্রাচ্যবাদী ও খৃষ্টানদের কোলে প্রতিপালিত আমাদের জাতির সন্তানদের মাধ্যমে ধর্মনিরপেক্ষ শিক্ষানীতি বাস্তবায়ন করার জন্য।

এই নতুন প্রজন্ম দ্বীনের সাথে শত্রুতা করতে শুরু করল এবং তারা দ্বীনের মৌলিক বিষয় ও বিধিবিধানকে অবজ্ঞা করতে লাগল। তারা ভিনদেশী দখলদারদেরকে একনিষ্ঠ বন্ধু বানাল, যেই দখলদাররা সামরিকভাবে এসব দেশ থেকে চলে যাওয়ার সময় দেশগুলোর শাসনক্ষমতার লাগাম তাদের কাছে অর্পণ করে যায়।

আর এই ইউরোপিয়ান (পশ্চিমা) প্রজন্মের আরেকটি বিষয় হল, তারা নেতৃত্ব ও শাসনকর্তৃত্বে এমন এক পন্থা উদ্ভাবন করেছে যে, তা বাহ্যিকভাবে ইসলামের সাথে সম্পৃক্ত, আর অভ্যন্তরীণভাবে ইসলাম থেকে বিচ্যুতি এবং ইসলামের নিদর্শন ও বিধি-বিধানের সাথে শত্রুতা রাখে। যাতে তারা এই অঙ্গনকে পুরোপুরি ইউরোপিয়ান (পশ্চিমা) প্রজন্মের জন্য উন্মুক্ত করে দিতে পারে। অতঃপর তারা আলিম ও দ্বীনের প্রতি অধিক আন্তরিক ব্যক্তিদেরকে নেতৃত্ব ও সিদ্ধান্ত নেওয়ার কেন্দ্র থেকে দূরে সরিয়ে দিতে থাকে,যাতে তারা কোনো ধরণের বাঁধার মুখোমুখি হওয়া ছাড়াই পশ্চিমা ধাঁচে মুসলিম জাতির প্রায় সকল ক্ষেত্রে কর্তৃত্ব করতে সক্ষম হয়।

আর ভিনদেশী সাম্রাজ্যবাদীরা তাদের চলে যাওয়ার পূর্বে এই নতুন প্রজন্মের জন্য নতুন দ্বীন তৈরি করেছিল, যেটিকে তারা আল্লাহর দ্বীনের স্থানে প্রতিস্থাপন করেছিল। সেটি হচ্ছে এমন দ্বীন [গণতন্ত্র], যা মানুষের খেয়াল-খুশির মাধ্যমে মানুষকে শাসন করে। যে দ্বীনে রাজনীতি ও শাসন কর্তৃত্ব অধিকারের ক্ষেত্রে যুগের সর্বশ্রেষ্ঠ মানুষ ও সর্বনিকৃষ্ট মানুষ সমান।

অতঃপর ধর্মনিরপেক্ষবাদী শাসকেরা যথাসাধ্য সামরিক শক্তি, শাস্তি ও বন্দি রাখার কৌশলের মাধ্যমে তাদের নতুন দ্বীনের আইন-কানুন মজবুত করতে শুরু করল, যাতে মুসলিম রাষ্ট্রগুলোর শাসন ও জীবনব্যবস্থায় এই নতুন পদ্ধতি স্থায়ী হয়ে যায়। সে জন্য তারা মুসলিম দেশগুলোতে এমন পদ্ধতিতে শিক্ষানীতি রচনা করেছে, যা মুসলিম দেশে পাশ্চাত্যের উদ্দেশ্য বাস্তবায়নে মানানসই হবে।

আর সরকার তত্ত্বাবধান করছে এমন ইসলামি শিক্ষাপ্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়গুলোতে যে শিক্ষাপ্রদান পদ্ধতি রয়েছে, সেগুলো আরেক বন্ধ্যাত্বের শিকার। শরিয়তের শিক্ষাকে রুহ

বিবর্জিত অবস্থায় এমন কৃত্রিম শব্দে শিক্ষা দেওয়া হয়, যেগুলোতে সাহিত্যকর্ম ও গ্রিক দর্শন প্রভাব বিস্তার করে থাকে, বাস্তব ক্ষেত্রে যার কোনো প্রয়োগ পাবেন না।

এভাবেই দ্বীন সালাত, যাকাত ও ব্যক্তিগত বিষয়ে সুনির্দিষ্ট কিছু ইবাদতে এবং সামান্য কিছু আকিদার আলোচনায় সীমাবদ্ধ হয়ে যায়, যেই আকিদার আলোচনাসমূহ কালামিয়্যাহ ও আকিদাগত বিভিন্ন ফিরকার সাথে সম্পৃক্ত, যা শতশত বছর পূর্বে বিদ্যমান ছিল। আর সমসাময়িক ফিরকা এবং আকিদাগত দল ও তাদের প্রচন্ড ফিতনা যা ইসলামি বিশ্বের একপ্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত প্লাবিত করেছে, এই দেশগুলোতে আমাদের ইসলামি শিক্ষানীতি সেগুলোর ধারে কাছেও যায়নি এবং এগুলোর ভ্রষ্টতা সাধারণ মানুষের কাছে যথেষ্ট পরিমাণে বর্ণনা করেনি, যাতে তারা সেগুলো থেকে সতর্ক থাকতে পারে।

অতঃপর লাল কমিউনিস্টরা এসে মানুষের আকল ও অনুভূতি নিয়ে খেলা করেছে। এরপর এসেছে পাপাচারী লিবারেল (উদারপন্থী) মতবাদ, যারা আল্লাহর শাসনকর্তৃত্ব ও মানুষের মাঝে আল্লাহর শরিয়ত বাস্তবায়নের ব্যাপারে আল্লাহর মোকাবিলায় লিপ্ত হয়েছে।

অতঃপর এধরণের দূর্যোগময় পরিস্থিতিতে তালিবান আন্দোলন আত্নপ্রকাশ করেছে এবং রাজনীতি ও কর্তৃত্বের লড়াইয়ের ময়দানের প্রশস্ত দরজা দিয়ে প্রবেশ করে ভারসাম্যতা ফিরিয়ে এনেছে। তারা সমাজব্যবস্থা পরিবর্তন করেছে এবং সকল বিষয়কে নতুনভাবে যথাস্থানে ফিরিয়ে এনেছে। যার ফলে মসজিদের ইমাম পুনরায় বিশ্ববাসীর কাছে মুখ ভরে সুউচ্চ আওয়াজে এই ঘোষণা করতে বের হয়েছে যে, "(শাসন কর্তৃত্ব চলবে একমাত্র আল্লাহর)" এবং পুনরায় কমিউনিস্ট (সাম্যবাদী) ও লিবারেলদের (উদারপন্থী) কর্ণকুহরকে এই বাণীতে ঝংকৃত করেছে যে, "{আর যারা আল্লাহ যা নাযিল করেছেন তা দ্বারা শাসন/ফায়সালা করে না তারা কাফির }"-সূরাহ আল-মায়িদাহ-৪৪

এভাবে প্রায় একহাজার বছর অতিবাহিত হওয়ার পর পুনরায় মসজিদের ইমাম এদেশে সর্বোচ্চ রাষ্ট্রীয় নেতৃত্ব লাভ করেছেন এবং নতুনভাবে প্রমাণ করেছেন যে,মসজিদের ইমাম-ই

অন্য যেকারো চেয়ে সর্বোচ্চ ইমামতি (রাষ্ট্র পরিচালনা)-র অধিক যোগ্য। এটি-ই রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং সঠিক পথপ্রাপ্ত খুলাফায়ে রাশেদিনের সুন্নাহ। আর ধর্মনিরপেক্ষতাবাদী নেতৃত্বের কাছে আত্মসমর্পণ করার যে আপদ মুসলিম উম্মাহর উপর আপতিত হয়েছে, তা এই দ্বীনের স্বাভাবিক বৈশিষ্ট্য নয়।

তালিবান সংগঠন ইসলামি হুকুমত কায়েম করা ও শরিয়ত বাস্তবায়ন করার মাধ্যমে পশ্চিমাদের সবচেয়ে বড় মিথ্যা অপবাদকে খণ্ডন করেছেন, যে মিথ্যাকে পশ্চিমারা মুসলিমদের হৃদয়ে দৃঢ় করে দেওয়ার জন্য প্রায় দুইশ বছর ধরে চেষ্টা করেছে। আর তা হলঃ বর্তমান যুগে রাষ্ট্র ও নেতৃত্বের কার্যাবলী পরিচালনার জন্য ইসলামি শরিয়ত উপযোগী নয়। তালিবানরা তাদের এই কাজের মাধ্যমে বাস্তবরূপে প্রমাণ করেছেন যে, রাষ্ট্র ও সরকারের কার্যাবলী পরিচালনার ক্ষেত্রে পশ্চিমা চিন্তার নিকৃষ্ট ব্যক্তি ও অন্যান্যদের থেকে দ্বীনের শিক্ষার্থী ও মসজিদের ইমামগণ অধিক যোগ্য।

তালিবানদের এই অভিজ্ঞতাকে সফল করার পথটি ফুল বিছানো ছিল না, যে অভিজ্ঞতা সফল হওয়ার ব্যাপারে মুসলিম উম্মাহ নিরাশ হওয়ার উপক্রম হয়েছিল; বরং তা ছিল রক্ত, দেহ, কুরবানী ও দীর্ঘ ধৈর্যের পথ। এতে তারা দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছেন এবং তারা উত্তম যুবকদের মধ্য থেকে আল্লাহ তা'আলার কিতাবের হাজার হাজার হাফিজ ও তালিবে ইলমকে উৎসর্গ করেছেন। তাদের রাত্রগুলো দিনের সাথে মিলে একাকার হয়ে গেছে, যে পর্যন্ত না তারা সকল প্রকার বাঁধা-বিপত্তির উপর বিজয়ী হয়ে গেছে এবং ঈমানের দৃঢ়তা ও দ্বীনি মজবুতির মাধ্যমে নতুন পদ্ধতি উদ্ধাবন করেছে। মানুষের এই বলে ভীতি প্রদর্শন তাদেরকে নিরস্ত করতে পারেনি। আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন-

"মানুষেরা তোমাদের বিরুদ্ধে একত্রিত হয়েছে, তোমরা তাদেরকে ভয় কর। (মানুষেরা এই কথা বলার পরে) অতঃপর তাদের ঈমান আরো বেড়ে যায় এবং তারা বলে আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, আর তিনিই সর্বোত্তম কর্ম সম্পাদনকারী "

আলে ইমরান-১৭৩

তারা আঞ্চলিক ও আন্তর্জাতিক বলপ্রয়োগের কাছে আত্মসমর্পণ করেনি, যেই বলপ্রয়োগ তাদের এই আন্দোলনের উন্নয়নের সকল স্তরের বিরুদ্ধে পরিচালিত হয়েছে। বিপদ যত কঠিন হোক না কেনো, তারা যেসব মূলনীতিতে বিশ্বাস করে, সে ব্যাপারে তারা কোনো আপোষ করেনি। তারা ইসলামি শরিয়তকে ত্বগুতদের শরিয়ত ও আল্লাহর কর্তৃত্বের ক্ষেত্রে আল্লাহর বিরুদ্ধে শত্রুতাকারী মানব ইবলিসদের শাসনের সাথে মিলায়নি।

যখন কুফুরি বিশ্ব তালিবানকে শান্তিপূর্ণ পদ্ধতি ও রাজনৈতিক আপোষের মাধ্যমে নত করার ব্যাপারে নিরাশ হয়ে গেছে এবং যখন এই আন্দোলনের ধারাকে গণতান্ত্রিক ধাঁচে রুপান্তরে তাদের সকল প্রচেষ্টা ব্যর্থ হয়ে গেছে। যেখানে বহু আন্দোলন ও ইসলামি দল এসিডের (শান্তিপূর্ণ সহাবস্থান) দ্বারা গলে যাওয়ার পর তাদের আকৃতি বদলে ফেলেছে এবং নিজেদেরকে ত্বগুত সরকারগুলোর জন্য প্রদর্শনী বানিয়ে ফেলেছে, তখন কুফুরি বিশ্ব তালিবানদের বিরুদ্ধে সর্বাত্মক ক্রুসেড যুদ্ধের ঘোষণা দিয়েছে। পশ্চিমা শয়তানরা তাদের শয়তানি চক্রান্তের মধ্য দিয়ে যেভাবে মুসলিমদেরকে অচেতন করেছে, মুসলিমরা সেই অচেতনতার গভীর নিদ্রা থেকে সজাগ হয়ে তালিবানদের দিকে মনোযোগী হওয়ার পূর্বেই তারা (কাফিররা) তালিবানদের এই অভিজ্ঞতাকে অঙ্কুরেই বিনষ্ট করার জন্য সকল শক্তি ব্যয় করেছে।

কিন্ত আল্লাহ্ তা'আলা সমগ্র কুফুরি বিশ্বকে এসকল দরিদ্রদের দ্বারা পরাজিত করতে চেয়েছেন। কুফুরি বিশ্বের বিরুদ্ধে যুদ্ধে যারা তাদের রক্ত, দেহ এবং অল্প কিছু হালকা অস্ত্র ব্যতীত অন্যকিছুর মালিক নয়। এসব অস্ত্রের জন্য শুধু জং-ধরা কিছু গুলি আছে, যেগুলো তারা আট বছরের অধিক পূর্বে তাদের সরকারের পতন হওয়ার সময় মাটিতে পুঁতে রেখেছিল।

এই হল সেই উদভ্রান্ত আমেরিকা, যে তাদেরকে (তালিবানদেরকে) তোষামোদ করে এবং তারা তাদের দালালদের জন্য কাবুলে যে সরকার প্রতিষ্ঠা করেছে, তাতে তালিবানদের

অংশগ্রহণের আকাঙ্ক্ষা করে। আর বিগত আট বছরে তালিবানদের বিরুদ্ধে যুদ্ধ চালানোর পরই আমেরিকা এই লাঞ্ছনার স্তরে নেমে এসেছে।

অন্যদিকে তালিবান সংগঠন নিজেকে আন্তর্জাতিক রাজনীতির মোকাবেলায় এমন আন্দোলন হিসেবে পরিচালনা করেছে, যা মানুষ পশ্চিমাদের লালিত-পালিত ধর্মনিরপেক্ষতাবাদী নেতৃত্বে দেখে আসছে তাদের বিপরীতে যার নেতৃত্ব দেয় মসজিদ ও মিহরাব থেকে বের হওয়া ব্যক্তিরা।

এই আন্দোলনের নেতৃবৃন্দ তাদের আপোষহীন-প্রজ্ঞাপূর্ণ অবস্থান গ্রহণের মধ্য দিয়ে এটি স্পষ্ট করেছে, এই আন্দোলন দরবেশদের দল নয় যে, তাদের অনুভূতি নিয়ে বিশ্ব-রাজনৈতিক শয়তানরা তাদের শয়তানি কৌশল ও চক্রান্তের মাধ্যমে খেলা করবে।

বরং এটি এমন একটি আন্দোলন যার নেতৃত্ব দেয় ইসলামের এমন আলিমগণ, যাদেরকে শাসনকর্তৃত্ব, যুদ্ধবিদ্যা এবং বিশ্ব-সংঘাতের অভিজ্ঞতা সমৃদ্ধ করেছে। আর তারা আঞ্চলিক ও বৈশ্বিক ক্ষেত্রে রাজনৈতিক বিচক্ষণতা, রাজনৈতিক পরিস্থিতি ও কূটনীতির সুক্ষ্ম বুঝ ধারণ করেন।

তালিবানদের এই মৌলিক চিন্তা ধারাটি রাজা-বাদশাহ ও নেতৃত্বের ক্ষেত্রে ধর্মনিরপেক্ষবাদীদের থেকে নেতৃত্ব অপসারণ করে উলামায়ে কেরামের কাছে নেতৃত্ব ও কর্তৃত্ব হস্তান্তর করা পর্যন্তই সীমাবদ্ধ নয় বরং বিষয়টি এর চেয়ে বড় বিষয়ের দিকে অতিক্রম করে। আর তা হল যুবক মুজাহিদদের এমন এক নতুন প্রজন্ম তৈরী করা, যারা সুক্ষ্মবুদ্ধি ও বিচক্ষণতার সাথে যুদ্ধ, রাজনীতি, মিডিয়া এবং বৈশ্বিক ষড়যন্ত্রের মোকাবিলার পাশাপাশি এটিও বুঝবে যে, লড়াইয়ের বিভিন্ন পর্যায়ের সাথে ধারাবাহিক খাপ খাইয়ে নেওয়ার মাধ্যমে যুদ্ধক্ষেত্র তাদের কাছে কি চাচ্ছে।

এটি সংগঠনের জন্য চলমান ক্রুসেড যুদ্ধে মুসলিম জাতিকে নেতৃত্বের উপকরণ সরবরাহ করে, যে যুদ্ধের নেতৃত্ব দেয় পশ্চিমারা এবং মুসলিম বিশ্বে তাদের দালাল-পাপাচারী শাসকেরা, যারা তাদের সিংহাসনের ভয়ে পশ্চিমাদের সকল চাওয়া-পাওয়া পূরণে সাড়া দেয়।

যখন আমরা তালিবানদের মৌলিক স্তম্ভসমূহের মধ্যে এই স্তম্ভের ব্যাপারে সংক্ষেপে বলতে চাই, তখন বলবঃ বর্তমান যুগে মুসলিমদেরকে নেতৃত্ব দেওয়ার জন্য উলামায়ে কেরাম ও মুজাহিদগন যোগ্য হওয়ার নির্ভরযোগ্যতা তালিবান আন্দোলন মুসলিমদেরকে অর্জন করিয়েছে।

ইসলামের আলিমদের উপর যে স্থবিরতা ও নিষ্ক্রিয়তা চেপে বসেছে, তালিবান আন্দোলন তা দূর করেছে এবং তাদেরকে নতুনভাবে নেতৃত্ব ও শাসনের অঙ্গনে সমর্পণ করেছে।

তালিবানরা তাদের পূর্বসূরি ইসলামি সংগঠনগুলোর অভিজ্ঞতা থেকে ফায়দা গ্রহণ করেছেন এবং সেগুলোর সাথে নতুন বিষয় সংযোজন করেছেন, যেন বর্তমান ও ভবিষ্যতের নেতৃত্ব ও যুদ্ধের জন্য প্রস্তুত হতে পারেন ও যোগ্যতা অর্জন করতে পারেন। তবে এই অভিজ্ঞতা অধিক সুপথ প্রদর্শন এবং ব্যাপক ঐতিহাসিক ইলমি প্রত্যায়নের মুখাপেক্ষী, যা এই আন্দোলনের সকল দিক অন্তর্ভুক্ত করে।

এই আন্দোলন শরিয়তের গণ্ডির মধ্যে সামরিক ও বেসামরিক কাজের মধ্য দিয়ে ইসলামের জন্য কাজ করার এক নতুন দৃষ্টান্ত পেশ করেছে, যা পূর্বসূরিদের জামানায় ইসলাম যে ভিত্তির উপর ছিল তা ফিরিয়ে আনা এবং ইসলাম ও তাঁর শত্রু কুফফার জাতির মধ্যে বর্তমান যুগের ধর্মীয় ও সাংস্কৃতিক লড়াইয়ের ময়দানে নিত্য-নতুন পরিস্থিতির মধ্যে সমন্বয় করে চলে। যদিও প্রোপাগান্ডাকারী ও মুনাফিকরা বিষয়টিকে তুচ্ছ করার চেষ্টা করে থাকে।

আর এটি হল শাসনকর্তৃত্ব ও নেতৃত্বের ক্ষেত্রে রাজনৈতিক ও আধ্যাত্মিক অভিজ্ঞতাকে অনুসন্ধান করার স্বাধীনতা। শাসন-কর্তৃত্ব ও নেতৃত্বের ক্ষেত্রে রাজনৈতিক ও আধ্যাত্মিক অভিজ্ঞতাকে অনুসন্ধান করা, জিহাদ ও শাসন-কর্তৃত্বের জন্য এগুলোর প্রতি লক্ষ্য রাখা এবং বিশ্বের সমসাময়িক ঘটনাবলী ও সমসাময়িক মনস্তাত্ত্বিক লড়াইয়ে তার প্রভাবের প্রতি ইসলামি চিন্তাবিদদের মনোযোগ, এসব ক্ষেত্রে বর্তমান জামানার কাফিরদের মনোযোগের চেয়ে কম হওয়া উচিত নয়।

৭. ডেমোক্রেসি বা গণতন্ত্রকে সর্বাত্মকভাবে প্রত্যাখ্যান করা এবং এটিকে আধুনিক জাহেলিয়াতের দ্বীন হিসাবে গন্য করা:

তালিবানদের মৌলিক চিন্তাধারার মধ্যে গুরুত্বপূর্ণ একটি বিষয় হল; গণতন্ত্রকে সর্বাত্মকভাবে প্রত্যাখ্যান করা এবং এটিকে আধুনিক পশ্চিমা জাহেলিয়াতের দ্বীন হিসাবে গন্য করা, যা (গণতন্ত্র) আল্লাহর সর্বশেষ রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি অহির মাধ্যমে নাযিলকৃত সঠিক পথ প্রদর্শনকে প্রত্যাখ্যান করে এবং জীবনের সকল অঙ্গনে মানুষের মনের চাহিদার আলোকে শাসনকার্য পরিচালনা করে।

আর তালিবান আন্দোলন অত্যন্ত দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, রাজনীতি, বিধান প্রণয়ন, অর্থনীতি, নৈতিকতা ও সমাজ ব্যবস্থার ব্যাপারে ইসলাম হল একটি পূর্ণাঙ্গ জীবনবিধান, কখনো তা গণতন্ত্র বা অন্যকোনো দ্বীন ও বিধান দ্বারা সত্ত্বায়নের মুখাপেক্ষী নয়।

আর এটিই আল্লাহর সুদৃঢ় কিতাবের বাণীর দ্বারা উদ্দেশ্য। আল্লাহর তা'আলা বলেন-

"আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম এবং তোমাদের উপর আমার নেয়ামত সম্পূর্ণ করে দিলাম এবং ইসলামকে তোমাদের জন্যে দ্বীন হিসেবে পছন্দ করলাম। অতএব যে ব্যাক্তি তীব্র ক্ষুধায় কাতর হয়ে পড়ে; কিন্তু গোনাহর প্রতি কোনো প্রবণতা না থাকে, তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু। —মায়িদাহ-৩"

আল্লাহ্ সুব হানাহু ওয়া তা'আলা আরও বলেন-

"আর কেউ ইসলাম ব্যতীত অন্য কোনো দ্বীন গ্রহণ করতে চাইলে তা কখনো তার পক্ষ থেকে কবুল করা হবে না এবং সে হবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।"

[সূরা বাকারাহ-৮৫]"

সুতরাং ইসলাম হল এমন এক দ্বীন, যা মানব জীবনের সকল অঙ্গনকে অন্তর্ভুক্ত করে এবং কিয়ামত পর্যন্ত মানুষের সকল সমস্যার সমাধান দেয়। যদি এমনটি না হত, তাহলে আল্লাহ তা'আলা কিয়ামত পর্যন্ত সকল মানুষের জন্য এই দ্বীনকে সন্তুষ্টির সাথে মনোনীত করতেন না এবং এই দ্বীনের বাহিরে অবস্থান করা ব্যক্তিদেরকে ক্ষতিগ্রস্ত হিসাবে গন্য করতেন না।

তালিবান বিশ্বাস করে, গণতন্ত্র হচ্ছে আধুনিক জাহেলি দ্বীন, যা পৃথিবীতে আল্লাহর হাকিমিয়্যাহ বা আল্লাহর শাসনকে অস্বীকার করে এবং পৃথিবীতে মানুষের জন্য সংখ্যাগরিষ্ঠের ভিত্তিতে সর্বোচ্চ নেতৃত্ব নির্বাচন করে। অতঃপর সংখ্যাগরিষ্ঠ পক্ষ বিধান প্রণয়ন করে এবং হালাল ও হারাম করার মানদণ্ড নির্ধারণ করে। এই সংখ্যাগরিষ্ঠ-ই তাদের প্রবৃত্তির চাহিদার আলোকে ও তাদের স্বার্থ হাসিলের জন্য শাসক নির্বাচন করে এবং মানব জীবনের যেকোনো বিষয়ে আল্লাহর চূড়ান্ত হক শরিয়তের কাছে আত্নসমর্পণ করে না। সুতরাং গণতন্ত্রে সংখ্যাগুরু ইলাহ (আল্লাহর) এর স্থান দখল করেছে, আর সংখ্যাগুরুর মনের চাহিদা ইলাহ (আল্লাহর) এর শরিয়তের স্থান দখল করেছে।

আর গণতন্ত্রের ব্যাপারে তালিবানদের চিন্তা-ভাবনা হচ্ছে, গণতন্ত্র হচ্ছে একটি দ্বীন, যা চার্চের বিকৃতি ও সকল মানবাধিকারের বিরুদ্ধে চার্চের সীমালঙ্ঘনের পর আধুনিক পশ্চিমা দার্শনিকরা প্রণয়ন করেছে। গণতন্ত্রে বিধান রচনার মূল উৎস হল: মানুষের প্রবৃত্তি ও বুদ্ধি। আর গণতন্ত্র দু'টি গুরুত্বপূর্ণ মূলনীতির উপর প্রতিষ্ঠিত। সে দুটি হলঃ

এক- সার্বভৌমত্বের উৎস: এর ব্যাখ্যা হল, হালাল ও হারাম করার ব্যাপারে সর্বোচ্চ সার্বভৌমত্ব হল মানুষের। এটি তার চেয়ে উচ্চস্তরের কিংবা সমমানের মর্যাদাসম্পন্ন অন্য কারো সার্বভৌমত্বকে স্বীকৃতি দেয় না। সার্বভৌমত্ব হচ্ছে, বস্তু, ব্যক্তি ও পরিবেশের উপর শাসনের জন্য পরম কর্তৃত্ব, যা সংখ্যাগরিষ্ঠ নির্বাচিতের মতের ভিত্তিতে পরিচালিত।

দুই- আর দ্বিতীয় উৎস হল: অধিকার এবং স্বাধীনতার উৎস, যার মূল কথা হল, যতক্ষণ না অন্যদের স্বাধীনতা বাঁধাগ্রস্ত করে ততক্ষণ পর্যন্ত একজন ব্যক্তি যা ইচ্ছা তা করার ক্ষমতা রাখে। গণতন্ত্র মানুষকে যে ব্যাপারে অনুমোদন দিয়েছে, কোনো ধর্ম ও শরিয়তের জন্য ঐ

স্বাধীনতা ও অধিকার থেকে বঞ্চিত রাখা (গণতান্ত্রিক দ্বীনে) বৈধ নয়। এক্ষেত্রে ধর্ম ও আইনের অবস্থান যাই হোক না কেন। সুতরাং গণতন্ত্রে মু'মিন ও কাফির বলে (আলাদা) কিছু নেই। যেমনিভাবে সেখানে কুফর ও ঈমান বলে (আলাদা) কিছু নেই। সেখানে সকল অধিকারের ক্ষেত্রে মানুষের মাঝে পূর্ণ সমতা রয়েছে। সেখানে ভাল ও মন্দ হচ্ছে, সংখ্যাগুরু যেটিকে ভালো মনে করে সেটিই ভালো, আর সংখ্যাগুরু যেটিকে মন্দ মনে করে সেটিই মন্দ, এগুলোর সাথে দ্বীন (ইসলাম) একমত হোক কিংবা একমত না হোক।

গণতন্ত্র শুধুমাত্র এসকল দৃষ্টিভঙ্গির উপর সীমাবদ্ধ নয় বরং তা অন্যান্য মতবাদ পর্যন্ত বিস্তৃত। গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে জানা যায়, সেগুলোর মধ্য থেকে একটি হল বহুদলীয় রাজনীতি, দখলদাররা ইসলামি বিশ্বে যার বীজ বপনে আপ্রাণ চেষ্টা করেছে এবং একই দেশের মুসলিমদেরকে বিভিন্ন দলে বিভক্ত করার লক্ষ্যে এটিকে সমর্থন দিচ্ছে।

তালিবান আন্দোলন মনে করে, মুসলিম দেশে বহুদলীয় রাজনীতির চিন্তাধারা মুসলিমদেরকে বিভক্ত করার জন্য এবং তাদেরকে বিভিন্ন দলে-উপদলে ভাগ করে একে অপরের সাথে চক্রান্ত করে ক্ষমতার নেতৃত্বে যাওয়ার মাধ্যম।

এজন্য তালিবান একটি ন্যায্য ইসলামি ব্যবস্থায় বিশ্বাসী, যা সকল মুসলিমদেরকে তাওহিদের কালিমার ভিত্তিতে ইসলামের এক পতাকাতলে ঐক্যবদ্ধ করে, যাতে করে ক্ষমতায় যাওয়ার জন্য নিকৃষ্ট প্রতিযোগিতা বন্ধ করা যায়। যেমনটি তারা (তালিবান আন্দোলন) বর্তমান সময়ে মুসলিমদের উলুল আমর বা নেতৃত্বের জন্য নসিহতের পথ উন্মুক্ত হওয়াকে জরুরি মনে করে। {কেননা দ্বীন হল কল্যাণ কামনা করা} এবং {সর্বশ্রেষ্ঠ জিহাদ হল অত্যাচারী শাসকের সামনে সত্য কথা বলা} আর সর্ব শ্রেষ্ঠ কল্যাণ কামনা হল মুসলিমদের ইমামের জন্য (সম্পদ/সময়) ব্যয় করা।

আর বস্তুবাদী, ধর্মনিরপেক্ষবাদী, জাতীয়তাবাদী ও অন্যান্য দল যাদেরকে দখলদার বাহিনী তৈরী করে অথবা যাদেরকে সাম্রাজ্যবাদী রাষ্ট্রগুলো ক্ষমতা দখল করার জন্য তৈরী করে তারা তাদেরকে অর্থায়ন করে থাকে। তারা মিলিয়ন মিলিয়ন অর্থ খরচ করে চুক্তি/সনদ ক্রয় করার

পিছনে, যেন সেই চুক্তিকে বর্তমানে ও ভবিষ্যতে তাদের উদ্দেশ্য সফল করার বাহন বানাতে পারে। ইসলাম ও ইসলামি শরিয়তের মানদণ্ডে তাদের এসব কাজ সম্পূর্ণ মূল্যহীন। মুসলিম ভূমিতে এসকল দল তৈরিতে সমর্থন দেওয়া ও ধর্মনিরপেক্ষতাবাদী কার্যক্রম বাস্তবায়ন করার অনুমোদন দেওয়ার কোনো বৈধতা নেই।

বিগত দিনে আফগানিস্তান ও ইসলামি বিশ্বের মুসলিমগন কমিউনিস্ট পার্টি থেকে যে সকল হত্যাযজ্ঞ, শাস্তি, বিতাড়ন, দ্বীন ও পবিত্র বিষয়গুলো নিয়ে বিদ্রুপ করা ও উম্মাহকে তার দ্বীন থেকে বের করে ফেলার যে ব্যথা ভোগ করেছেন তা মুসলিমগন ভুলে যাননি। ঐ ক্ষত মুছে যাওয়ার পূর্বেই পশ্চিমা বোমাবর্ষণকারীদের ছায়ার আওতায় লিবারেল বা উদারপন্থী গণতন্ত্র এসেছে মুসলিমদেরকে সবচেয়ে কঠিন লাঞ্ছনা ও শাস্তির স্বাদ আস্বাদন করানোর জন্য। আর আফগানিস্তান, ইরাক, সোমালিয়া, ফিলিস্তিন ও অন্যান্য ইসলামি দেশের ঘটনাবলী মুসলিম বিশ্বে কাফির রাষ্ট্রগুলোর অনুগ্রহে তৈরি এসব দলের অপরাধ ছাড়া আর কিছু নয়।

তালিবানরা মনে করে, আফগান মু'মিন জাতির গত ত্রিশ বৎসর যাবত চলমান জিহাদ গণতন্ত্রের পথে ছিল না এবং পশ্চিমাদের চিন্তাধারার ক্ষেত্র উন্মুক্ত করার জন্য ছিল না বরং সর্বদা তা ছিল ইসলামি জিহাদ। এই মুসলিম জাতি আল্লাহর কালিমাকে তার বান্দাদের মাঝে বিজয়ী করা ও আল্লাহর শরিয়ত বাস্তবায়ন করার জন্য মিলিয়ন মিলিয়ন শহিদদেরকে পেশ করেছে।

এমন প্রত্যেক চিন্তাধারা ও মতবাদ আমাদের ঈমানদার জাতিকে এই মহান লক্ষ্য-উদ্দেশ্য থেকে সরিয়ে দেয় এবং এই লক্ষ্য-উদ্দেশ্য ও জিহাদ-শহিদদের ভূমিতে ইসলামি শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার মাঝে এমন স্বাধীনতা দাঁড় করায় , যেন এটি গ্রহণীয় না হয়। সেজন্য আবশ্যক হচ্ছে আল্লাহ্‌র নৈকট্য অর্জন ও আল্লাহর পথে জিহাদের জন্য এসব (মতবাদ ও চিন্তাধারা) নির্মূল করা।

সুতরাং তালিবানদের দৃষ্টিতে গণতন্ত্র হল আধুনিক জাহেলিয়াতের একটি দ্বীন, যা আগুন ও লোহা অর্থাৎ শক্তি ও ধ্বংসের জোরে বিশ্বে বিস্তার ঘটানোর চেষ্টা করছে। আর তাদের দৃষ্টিতে ইসলাম হল আরেকটি দ্বীন। আর সেটি একমাত্র সত্য দ্বীন, যা আল্লাহ্‌ তা'আলা

সর্বশ্রেষ্ঠ মানব মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ করেছেন। শুধু এই একটি দ্বীনেই মানুষের সফলতা রয়েছে। গণতন্ত্র ও ইসলামের মাঝে পার্থক্য হল কুফর ও ঈমানের পার্থক্য।

৮। জাহেলি দলপ্রীতি প্রত্যাখ্যান করে এক কাতারবদ্ধ করাঃ-

জাহেলি দলপ্রীতি প্রত্যাখ্যান করে এক কাতারে ঐক্যবদ্ধতা বজায় রাখা তালিবান আন্দোলনের চিন্তাধারার একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। এ কারণেই কঠিন পরীক্ষার মধ্য দিয়ে অতিক্রম করা এবং সংগঠনের লোকদেরকে চরমপন্থি, মধ্যমপন্থী ও এ ধরনের বিভিন্ন নামে বিভক্ত করার ব্যাপারে শত্রুদের অনেক চেষ্টা করা সত্ত্বেও সংগঠনে কোনো ফাটল ও বিভক্তি পাওয়া যায় না। বরং তা সর্বদা মজবুতি ও দৃঢ়তার সাথে এমন নেতৃত্বের অধীনে তাদের ঐক্যবদ্ধতা বজায় রেখে আসছে, যার কমান্ডার সুদৃঢ় ঈমানি অবস্থান গ্রহণের মাধ্যমে সমস্ত কুফফার বিশ্বের সাথে এই আন্দোলনের মহাযুদ্ধের নেতৃত্ব দেওয়ার জন্য নিজের যোগ্যতা প্রমাণ করেছেন।

এক্ষেত্রে কিছু গুরুত্বপূর্ণ প্রভাবক রয়েছে, যা সংগঠনের ঐক্যবদ্ধতা বজার রাখতে সহায়তা করেছে ও সংগঠনে বিভক্তি ও শাখা-প্রশাখা হওয়া থেকে হিফাজত করেছে, সেগুলো নিম্নে:

এক-সংগঠনের প্রত্যেক সদস্য থেকে সৎ কাজে স্বেচ্ছায় আমিরের প্রতি পরিপূর্ণ আনুগত্য পাওয়া। কেননা ইসলামে উলুল-আমরের আনুগত্য একটি শরিয়তসিদ্ধ বিষয়। শরিয়তের দলিল প্রমাণ এর প্রতি উৎসাহ দিয়েছে এবং মুসলিম জামা'আতগুলোকে শরিয়তের ঐ সকল দলিল প্রমাণ অমান্য করার পরিণাম সম্পর্কে ভীতি প্রদর্শন করেছে। তালিবান আন্দোলনের অধিকাংশ ব্যক্তি ও নেতৃবৃন্দ দ্বীন ইসলামের আলিম ও শরিয়তের ইলমের শিক্ষার্থী হওয়ায় তারাই শরিয়তের ঐ সকল দলিল প্রমাণ বুঝা এবং সেসবের দ্বীনি শিক্ষাকে আঁকড়ে ধরার ব্যাপারে সর্বাধিক যোগ্য ও উপযুক্ত ব্যক্তি। এই দ্বীনি উপলব্ধিকে আঁকড়ে ধরার ফলে আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিগণ প্রবৃত্তির অনুসরণ, খ্যাতিলাভ ও দুনিয়ার সামগ্রীর পিছনে

দৌড়ানো থেকে বিরত থাকেন, যেখানে অনেক সময়ই ইসলামি আন্দোলনগুলো থেকে দলছুট ব্যক্তিরা দুনিয়ার উক্ত সামগ্রীতে নিপতিত হয়েছে।

দুই-শত্রুদের প্রোপাগান্ডার অনুসরণ না করা এবং সংগঠনের নেতৃত্ব ও বিভিন্ন ঘটনাবলীর ব্যাপারে তালিবানদের অবস্থান নিয়ে শত্রুরা যা বলে বেড়ায় সেদিকে মনোযোগ না দেওয়া। কেননা ইসলামি আন্দোলনগুলোর সারিতে অধিকাংশ বিভেদ শুরু হয় নেতৃত্বের ব্যাপারে আন্দোলনগুলোর অনুসারীদের মাঝে শত্রুদের প্রচারিত প্রোপাগান্ডা ও সংশয় সৃষ্টির কারণে। (তালিবান) আন্দোলনের অধিকাংশ সদস্যই শরয়ী' ইলমের অধিকারী হওয়ার ফলে আল্লাহর এই বানীর উপর আমল করার মাধ্যমে তাদের শরই' ইলম শত্রুদের প্রচারণায় প্রভাবিত হওয়া থেকে রক্ষা করে। আল্লাহ আযযা ওয়া জাল্লা বলেছেন-

"যখন নিরাপত্তা বা ভয়ের কোনো সংবাদ তদের কাছে আসে তখন তারা তা প্রচার করে থাকে, যদি তারা তা রাসূল এবং তাদের মধ্যে যারা ধর্মীয় বিষয়ে জ্ঞানী তাদের কাছে পেশ করত তাহলে তাদের মধ্যে তথ্য অনুসন্ধানকারীগন সেটার যথার্থতা যাচাই করতে পারত, যদি তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও রহমত না থাকত তাহলে তোমাদের অল্প সংখ্যক ছাড়া সকলে শয়তানের অনুসরণ করত।}" (সূরাহ নিসা-৮৩)

ফলে তারা বিষয়টি শত্রুদের প্রচার করা ফরম্যাটে গ্রহণ না করে তাদের উলুল আমরদের (দ্বীনি দায়িত্বশীল) কাছে অর্পণ করেন।

অন্য দিকে ইসলামে ইচ্ছায় অনিচ্ছায় (উলুল আমরের) আনুগত্য আবশ্যক। সুতরাং এই আবশ্যকতা ও আন্দোলনের বাস্তব অবস্থার ব্যাপারে উপলব্ধি সংগঠনে ফাটল সৃষ্টি প্রতিরোধের প্রভাবক সমূহের মধ্যে একটি গুরুত্বপূর্ণ প্রভাবক হিসেবে কাজ করেছে।

তিন- নিশ্চয়ই (তালিবান) আন্দোলনের নেতৃবৃন্দ দুনিয়ার সামগ্রীর ব্যাপারে কোনো দিক থেকে অন্যান্য সদস্য থেকে ভিন্ন হয় না। সুতরাং আন্দোলনের নেতৃবৃন্দের মধ্যে এমন কোনো বিষয় নেই যা তাদের থেকে অনুসারীদেরকে দূরে সরিয়ে দিবে। কেননা তারা সকলেই দরিদ্র ও

সাধারণ জনতার অন্তর্ভুক্ত। তারা সাধারণ মানুষের মত জীবন যাপন করেন, তাদের ভরণ-পোষণ সংগঠনের সাধারণ সদস্যদের ভরণ-পোষণের মতই বরং কখনো কখনো নেতৃবৃন্দের জীবন যাপনের অবস্থা তাদের অনুসারীদের অবস্থা থেকে দুর্বল ও কঠিন হয়। আজ পর্যন্ত পশ্চিমারা (তালিবান) নেতৃবৃন্দের এমন কোনো অর্থ-সম্পদ পায়নি, যার মাধ্যমে পশ্চিমারা তাদের বিরুদ্ধে প্রোপাগান্ডা করবে বা এটিকে তাদের বিরুদ্ধে চাপ প্রয়োগের মাধ্যম হিসেবে গ্রহণ করবে। আন্দোলনের নেতৃবৃন্দের এই দারিদ্র, কঠিন জীবন ও দুনিয়ার সামগ্রীর প্রতি অনাগ্রহের বিষয়টি সংগঠনের সদস্য ও পুরো জাতিকে সন্তুষ্ট করেছে। ফলে এসকল গুণাবলী আন্দোলনের নেতৃবৃন্দের চারপাশে জড়ো হতে ও তাদের বিরুদ্ধে বিদ্রোহ না করার ব্যাপারে মানুষের অন্তরে মুহাব্বত সৃষ্টি করেছে।

